

## চাঁদপুর সদর উপজেলা নির্বাচন ছাত্রলীগের দুই গ্রুপের পাল্টাপাল্টি মিছিল

প্রতিনিধি, চাঁদপুর

: শনিবার, ১১ মে ২০২৪



চাঁদপুরে সদর উপজেলা নির্বাচনে চেয়ারম্যান প্রার্থীর সমর্থন নিয়ে ছাত্রলীগের পাল্টাপাল্টি মিছিল।

চাঁদপুর সদর উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান প্রার্থীর সমর্থন নিয়ে জেলা, উপজেলা ও পৌর আওয়ামী লীগ ও অংগ সহযোগী সংগঠনের বিরোধ এখন তুঙ্গে।

আয়ুব বেপারী এবং এডভোকেট সুমনের দোয়াত কলম ও ঘোড়া প্রতীকের সমর্থনে শহরে ছাত্রলীগের পাল্টাপাল্টি নির্বাচনি মিছিল হয়েছে। ছাত্রলীগের দুই গ্রুপ পৃথক এবং মুখোমুখি পর্যায়ে এই মিছিল করলেও তাদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ পরিবেশ বজায় রাখতে দেখা গেছে। এক পর্যায়ে আইয়ুব ব্যাপারীর দোয়াত কলমের সমর্থনে জেলা ছাত্রলীগের গণসংযোগ ও লিফলেট বিতরণের সময় রাস্তার পেছনে কিছু সময় আটকা পড়েছিলেন কাপ পিরিচ মার্কার চেয়ারম্যান প্রার্থী নাজিম দেওয়ান।

শুক্রবার শেষ বিকালের দিকে এসব দৃশ্য সরজমিন দেখে গেলেও তাদের মুখে চেয়ারম্যান প্রার্থীর সমর্থনে প্রতীকের স্লোগান ছিল কিন্তু উত্তেজনা বা সহিংসতার কোন রূপ ছাত্রলীগের নেতাকর্মীদের দেখা যায়নি ওই সময়।

১০ মে শুক্রবার বিকেলে শহরের রসুইঘরে আয়োজিত এক সভায় চাঁদপুর জেলা ছাত্র লীগের সম্পাদক সাদাম হোসেনের নেতৃত্বে দোয়াত কলম মার্কার চেয়ারম্যান প্রার্থী আইয়ুব আলী বেপারীকে সমর্থন জানায় ছাত্রলীগের একাংশ। এসময় ছাত্রলীগের অপর একটি গ্রুপ ঘোড়া মার্কার সমর্থনে ওইস্থানের সড়কে দুইবার মিছিল নিয়ে যায়। মিছিলের শেষ অংশে কয়েকজনকে দোয়াত কলম মার্কার সমর্থকদের উদ্দেশ্য করে ভুয়া ভুয়া বলতে শুনায়। তবে এসময় দোয়াত কলম মার্কার সমর্থকরা রসুইঘরের ভিতরে চলে যায়। পরে তারাও শহরে মিছিল বের করে। তবে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের অধিকাংশই সরকার দলীয় আওয়ামী লীগের। অন্যান্য উপজেলার মতো চাঁদপুর সদর উপজেলা পরিষদ নির্বাচনকে ঘিরে চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে প্রার্থীর সমর্থন নিয়ে চাঁদপুরে আওয়ামী লীগের রাজনীতিতে গ্রুপিং দেখা দিয়েছে।

স্থানীয় রাজনৈতিক পর্যবেক্ষক মহলের মতে, এভাবে চলতে থাকলে নিজেদের মধ্যে সংঘাত সংঘর্ষ হবার আশঙ্কা রয়েছে।